দৈনিক বাংলা

তারিখ ... 17/2/82 ...
পৃষ্ঠা ... ... কলাম ...

062

### শিক্ষক সমিতি সম্মেলনে সাত্তার

# গণশিক্ষা কর্মসূচী সফল করুন

বগুড়া, ১৬ই ফেব্রুয়ারী (বাসস)।—প্রেসিডেন্ট আবদুস সাত্তার আজ শিক্ষকদের প্রতি মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমান সূচিত গণশিক্ষা কর্মসূচীকে সফল করে তুলতে তাঁদের সার্বিক উদ্যোগ নিয়োগের আহ্বান জানিয়েছেন।

তিনি বলেন, "আপনাদের অংশগ্রহণে জাতীয় উন্নয়নের জন্য এ একান্ত প্রয়োজনীয় কর্মসূচীর বাস্তবায়ন জোরদার হবে এবং এভাবে নিরক্ষরতার অভিশাপ থেকে জাতি মুক্তি লাভ করবে।"

প্রেসিডেন্ট এখানে কমিউনিটি হলে বাংলাদেশ শিক্ষক সমিতির সম্মেলনে ভাষণ দিচ্ছিলেন।

সমিতির সভাপতি জনাব আবদুল মান্নানের সভাপতিত্বে সম্মেলনে তথ্য ও শিক্ষা মন্ত্রী জনাব টি এইচ খানও ভাষণ দেন।

প্রেসিডেন্ট সাত্তার বলেন, দেশের শিক্ষকগণ শিক্ষার উন্নয়নে শুধুমাত্র অপরিমেয় দায়িত্বই পালন করছেন না, অধিকন্তু আদর্শ নাগরিক হিসাবে যুবকদের গড়ে তোলার ক্ষেত্রেও তাঁরা অবদান রাখছেন।

শিক্ষা ক্ষেত্রে যাতে অনুকূল পরিবেশ বজায় থাকে তজ্জন্য তিনি শিক্ষা প্রতিষ্ঠানে বিশৃংখলতার বিরুদ্ধে

#### সফল করুন

(১ম পৃঃ পর)

সতর্ক দৃষ্টি রাখার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

সমিতি কর্তৃক উত্থাপিত অভাব-অভিযোগ সম্পর্কে প্রেসিডেন্ট বলেন, কতিপয় দাবী-দাওয়া ইতিমধ্যেই পূরণ করা হয়েছে এবং অবশিষ্টগুলো সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে যথাযথভাবে বিবেচিত হবে।